গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি বি এল কলেজ, খুলনা

দূরালাপনী ঃ অফিস ৭৬২৯৪৪

ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৭০

২০১৫ সালের ২য় বর্ষ অনার্স অনিয়মিত, ইংরেজি (আবশ্যিক) ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

আবেদনকারীকে (নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/202 এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে (কলেজের ফি বাদে)। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে।

পরীক্ষার আবেদন ফরম পূরণের পূর্বে অনিয়মিত ছাত্র-ছাত্রীকে অবশ্যই ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ইনকোর্স পরীক্ষা ব্যতিত কোন আবেদন ফরমে সুপারিশ না করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল।

জমাদানের তারিখ	পরীক্ষার্থীর প্রকার	বিষয়ের নাম	জমাদানের সময়
১৬.০৮.২০১৬	অনিয়মিত/ইংরেজি আবশ্যিক ও গ্রেড উন্নয়ন	বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি,পদার্থ, রসায়ন	সকাল ৯টা হতে দুপুর ২টা পর্যন্ত
১৭.০৮.২০১৬	অনিয়মিত/ইংরেজি আবশ্যিক ও গ্রেড উন্নয়ন	ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, উদ্ভিদ, প্রাণি	সকাল ৯টা হতে দুপুর ২টা পর্যন্ত
১৮.০৮.২০১৬	অনিয়মিত/ইংরেজি আবশ্যিক ও গ্রেড উন্নয়ন	সমাজবিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটি, ফিন্যান্স ও গণিত	সকাল ৯টা হতে দুপুর ২টা পর্যন্ত
বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।			

অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য (শুধুমাত্র অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)ঃ
বাংলা, অর্থনীতি, ইতিহাস, ইসলামের ইতিহাস = ২৩৮০/-, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ২৩৩০/-
পদার্থ, প্রাণি= ২৫৮০/-, রসায়ন = ২৫৯০/-, উদ্ভিদ= ২৬২০/-, গণিত = ২৬৩০/-
ইংরেজি আবশ্যিক ও গ্রেড উন্নয়ন ফিস= (কলেজের প্রাপ্য অনলাইন ফিস ব্যতিত) ৪০০/-।
বিঃ দ্রঃ বিজ্ঞান বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ব্যবহারিক থাকলে ফিস সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

১। আবেদন ফরম পূরণের যোগ্যতা ঃ

- ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে তারা যে সকল কোর্সে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সে সকল কোর্সে ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স ও বিশেষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ না করলে এ পরীক্ষার্থী উল্লিখিত কোর্সে পরবর্তী বছরে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর কোন সুযোগ পাবে না। যে সকল পরীক্ষার্থী ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়েছে তারা ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স বিশেষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন পরীক্ষা একই সংগে দেয়া যাবে। সংশোধিত পরীক্ষার রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী প্রাপ্ত F গ্রেডকে D বা উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত অংশগ্রহণের সুযোগ পাবে। F গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করে D বা উচ্চতর গ্রেড না পেলে পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষা শেষে অনার্স ডিগ্রী প্রাপ্য হবে না।
- ২০০৯-২০১০ ও ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় যেসব পরীক্ষার্থী/ যেসব কোর্সে F গ্রেড পেয়েছে কিন্তু ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৫ সালের (বিশেষ) পরীক্ষায় ঐ F গ্রেড পাওয়া কোর্সে অংশগ্রহণ করতে পারবে। F গ্রেড কোর্স D বা এর বেশি গ্রেডে উন্নীত হলে ঐ কোর্সের মানোন্নয়ন পরীক্ষার সুযোগ নেই।
- ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীর ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে তাদের পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। তবে C বা D গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিতে হবে। ২০১৪ সালের পরীক্ষায় C+ বা এর বেশী গ্রেডের প্রাপ্ত তত্ত্বীয় কোর্সগুলির পরীক্ষায় কোন অবস্থায় অংশগ্রহণ করতে পারবে না। একই সাথে ইংরেজি (আবশ্যিক) কোর্সে অকৃতকার্য পরীক্ষার্থীরা ইংরেজি (আবশ্যিক) পরীক্ষায় অংশগ্রহণ করবে। কেবলমাত্র ২০১৪ সালের ব্যবহারিক ও মৌখিক অনুপস্থিত/অকৃতকার্য কোর্সে ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। ২০১৪ সালের ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের পুনরায় ঐ কোর্সে পরীক্ষা বা মানোন্নয়ন পরীক্ষার সুযোগ নেই।
- ইংরেজি আবশ্যিক (কোড ৯৯৯৯) কোর্সে অকৃতকার্য ২০০৯-২০১০, ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা 2015 সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

২। পাঠ্যসূচীঃ সকল বিষয়ের পরীক্ষা ৪বছর মেয়াদী অনার্স কোর্সে পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৩। বিভাগীয় প্রধানগনকে জানাচ্ছি যে, পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদালয়ের ওয়েব সাইটে সরাসরি অনলাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা Probable List এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে www.nubd.info/202 হতে College Login এ প্রবেশ করে নিশ্চয়ন করে করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ডাটা এন্ট্রির করার জন্য কলেজ অফিস থেকে ২০.০৮.২০১৬ তারিখের জমাকৃত আবেদন ফরম গ্রহণ করে ডাটা এন্ট্রি করে তার ০১ কপি প্রিন্টকপি এবং জমাকৃত আবেদন ফরম আগামী ২১.০৮.২০১৬ তারিখ বিকেল ৪ ঘটিকার মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে।

বিঃ দ্রঃ নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল। ফরম পূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় এবং একজনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হতে। নিশ্চয়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

৪। অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয় ঃ

ক) স্ব স্ব বিভাগের Probable List দেখে প্রত্যেক শিক্ষার্থীর অনলাইন আবেদন ফরমে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি করে জমা দিতে হবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১ কপি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ১ কপি ছবি স্ব স্ব বিভাগে আবেদন ফরমের ফটোকপির সাথে জমা দিতে হবে।

গ) অকৃতকার্য পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র এবং গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের অনলাইন ফলাফল সীট আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

আবেদন ফরম জমাদানের সময়: সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০টা পর্যন্ত।
এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।

২৬/৭/১৬

(প্রফেসর গুলশান আরা বেগম)
অধ্যক্ষ